

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫২৭৪

আগরতলা, ২২ মার্চ, ২০২৪

রাজভবনে বিহার পূর্ণরাজ্য দিবস উদযাপন  
পূর্ণরাজ্য দিবস উদযাপন বিভিন্ন রাজ্যের জনগণের  
মধ্যে ঐক্য ও সংহতিকে সুদৃঢ় করবে : রাজ্যপাল



রাজভবনে আজ সন্ধ্যায় বিহার পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, এ ধরনের অনুষ্ঠান আমাদের অখন্ডতা এবং বিভিন্ন রাজ্যের জনগণের মধ্যে ঐক্য ও সংহতিকে সুদৃঢ় করবে। এতে বিভিন্ন রাজ্যের সংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে সবার মধ্যে একটা সম্যক ধারণা জন্মাবে। বিহার পূর্ণরাজ্য দিবস উপলক্ষে রাজ্যপাল বিহারবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে কে সিনহা ও রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজ্যপালের সচিব ইউ কে চাকমা। অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

\*\*\*\*\*